ইমেইলে প্রেরিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, প্লট-এফ ১/এ, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
[কাস্টমস: WCO Affairs & IPR শাখা]

নথি নং- ০৮.০১.০০০০.০০০.২৫.০০১.২০.২৫৫ তারিখ: ১৫ জুন, ২০২৫ খ্রি.।

**বিষয়: FY2025 JPO/IPR Training Course on Anti-Counterfeiting Measures for Practitioners শীর্ষক কর্মশালায় অংশগ্রহণের লক্ষ্যে আগ্রহী কর্মকর্তাগণের নিকট হতে আবেদন আহ্বান।**

সূত্র: Overseas Management Department, (AOTS), টোকিও, জাপান এর ২৮.০৫.২০২৫খ্রি. তারিখের ই-মেইল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, আগামী ২৯ অক্টোবর হতে ৬ নভেম্বর, ২০২৫ পর্যন্ত Japan Institute for Promoting Invention and Innovation (JIPII) এবং The Association for Overseas Technical Cooperation and Sustainable Partnerships (AOTS) যৌথভাবে FY2025 JPO/IPR Training Course on Anti-Counterfeiting Measures for Practitioners শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করা হয়েছে (ই-মেইলে সংযুক্ত)।

০২। আলোচ্য প্রশিক্ষণ কর্মশালার উদ্দেশ্য হলো জাপানকর্তৃক IPR বলবৎকরণে গৃহীত উদ্যোগ সম্পর্কে গভীর ধারণা দেয়া এবং এর মাধ্যমে অংশগ্রহনকারী কর্মকর্তাগণের IPR প্রয়োগের দক্ষতা বৃদ্ধিতে সহায়তা করা। পত্রসংযুক্ত দলিলাদিতে প্রশিক্ষণ কর্মশালা সংশ্লিষ্ট প্রয়োজনীয় তথ্যাদি সন্নিবেশিত আছে (ই-মেইলে সংযুক্ত)।

০৩। বর্ণিতাবস্থায়, বিবেচ্য প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণের জন্য লক্ষ্যে বাংলাদেশ কাস্টমস এর যোগ্য ও আগ্রহী প্রার্থীকে (সহকারী কমিশনার ও তদূর্ধ্ব) আগামী ১০ জুলাই ২০২৫ খ্রি. তারিখের মধ্যে যথাযথ সংযুক্তিসহ পূরণকৃত আবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সদস্য (কাস্টমস:নিরীক্ষা, আধুনিকায়ন ও আন্তর্জাতিক বাণিজ্য), জাতীয় রাজস্ব বোর্ড (দৃষ্টি আকর্ষণ: ২য় সচিব, কাস্টমস: WCO Affairs) বরাবর এবং জাতীয় রাজস্ব বোর্ডে ই-মেইলযোগে (wcoaffairs.nbr@gmail.com) সফটকপি (এমএস ওয়ার্ড ফাইল ও পিডিএফ ফাইল) প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: ৪টি (ই-মেইলে প্রেরিত)।

১৫.৬.২০২৫

**(অনুপম চাকমা)**
দ্বিতীয় সচিব (কাস্টমস: WCO Affairs & IPR Section)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
ই-মেইল: wcoaffairs.nbr@gmail.com

**বিতরণ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২. কমিশনার, কাস্টম হাউস (সকল)।
৩. কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট (সকল)।
৪. কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট (সকল)।
৫. কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীল কমিশনারেট (সকল)।
৬. কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
৭. কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট-মূল্য সংযোজন কর, ঢাকা।
৮. কমিশনার, কাস্টমস রিস্ক ম্যানেজমেন্ট কমিশনারেট, ঢাকা।
৯. প্রকল্প পরিচালক, ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো প্রকল্প, আইডিইবি ভবন, কাকরাইল, ঢাকা/বন্ড অটোমেশন প্রকল্প, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা/কাস্টমস: আধুনিকায়ন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প, ঢাকা।
১০. মহাপরিচালক, গবেষণা ও পরিসংখ্যান অনুবিভাগ/সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল (সিআইসি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১১. মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/ নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূসক, ঢাকা/কাস্টমস এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম/শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা।
১২. সিস্টেমস ম্যানেজার, আইসিটি অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা **[জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে পত্রটি সংযুক্তিসহ প্রকাশের অনুরোধসহ]।**
১৩. প্রথম সচিব, কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ- (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১৪. দ্বিতীয় সচিব, কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ- (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

**অনুলিপি জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সদস্য, কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ- (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২. পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।